রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, এপ্রিল ৬, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস্ ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ চৈত্র, ১৪২০ বঙ্গাব্দ/৩ এপ্রিল, ২০১৪ খ্রিস্টাব্দ

**এস,আর, ও নং-৫০-আইন/২০১৪/২৪৭৬/কাস্টমস্।**—The Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে এবং জনস্বার্থে, পর্যটন শিল্পের বিকাশের লক্ষ্যে মানসম্পন্ন আবাসিক হোটেল নির্মাণে সহায়তা প্রদানের উদ্দেশ্যে নিম্নে বর্ণিত টেবিলে উল্লিখিত আবশ্যকীয় ও মূলধনী প্রকৃতির যন্ত্রপাতি ও উপকরণ যাহা, ০৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ মোতাবেক ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ তারিখের, মূলধনী যন্ত্রপাতি বিষয়ক রেয়াতী প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৫৭-আইন/২০১২/২৩৮৫/কাস্টমস্ এর বহির্ভূত, এর উপর আমদানি পর্যায়ে প্রদেয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ৫% এর অতিরিক্ত হয় সে পরিমাণ, রেগুলেটরী ডিউটি, প্রযোজ্য ক্ষেত্রে, সমুদয় মূল্য সংযোজন কর (মূসক) ও সম্পূরক শুল্ক, যদি থাকে, নিম্নে বর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা ঃ—

**টেবিল**

| শিরোনাম সংখ্যা (Heading) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code) | পণ্যের বর্ণনা (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| 44.18 | 4418.10.00 | Interior Decoration Material<br>Wooden windows & frames |
| | 4418.20.00 | Wooden doors & frames |
| | 4418.71.00 | Floor panels |
| | 4418.72.00 | Floor panels |
| 57.01 | All H.S Codes | Carpets |
| 63.03 | All H.S Codes | Curtains |
| 68.02 | 6802.21.00 | Marble |
| | 6802.23.00 | Granite |
| 69.07 | All H.S Codes | Unglazed tiles |
| 69.08 | All H.S Codes | Glazed tiles |
| 69.10 | All H.S Codes | Sanitary wares |
| | | **Kitchen & Cooking Equipment** |
| 69.11 | All H.S Codes | Ceramic kitchenware |
| 69.12 | All H.S Codes | Ceramic kitchenware |
| 70.05 | 7005.10.00 | Float glass reflecting/nonreflecting |
| | 7005.21.00 | Coloured float glass |
| 70.13 | All H.S Codes | Glassware |
| 73.21 | 7321.11.00 | Cooking appliances |
| 73.23 | 7323.91.00 | Kitchen equipment |
| | 7323.92.00 | Kitchen equipment |
| | 7323.93.00 | Kitchen equipment |
| | | **Building Security Equipment** |
| 83.01 | 8301.40.00 | Locks |
| 85.17 | 8517.61.00 | Base station |
| 85.25 | 8525.80.10 | Web cam |
| 85.28 | 8528.72.00 | DVR |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| | | **Fire Fighting & Protection** |
| 40.09 | 4009.32.00 | Equipments |
| 84.24 | 8424.10.00 | Hose pipe |
| | 8424.20.10 | Fire extinguishers |
| | | Spray gun |
| | | **Electric Substation** |
| 85.04 | 8504.22.10 | Transformer: Capacity more than 3000 kva |
| 85.35 | 8535.21.00 | Automatic circuit breakers |
| | 8535.29.00 | Automatic circuit breakers |
| 85.36 | 8536.30.00 | Switchgear |
| 85.37 | 8537.10.10 | Busbar |
| | | **Furniture** |
| 94.01 | 9401.69.00 | Sofa |
| 94.03 | 9403.10.00 | Metal furniture for office |
| | 9403.30.00 | Wooden furniture for office |
| | 9403.40.00 | Wooden furniture for kichten |
| | 9403.50.00 | Wooden furniture for bedroom |
| 94.04 | 9404.29.00 | Mattress |
| | | **Lighting** |
| 94.05 | 9405.10.00 | Lights with fittings |
| | 9405.20.00 | Bedside or floor standing lamp |
| | 9405.40.20 | Energy saving lamps with fittings |
| | 9405.40.40 | LED tube or bulb with fittings |
| 94.06 | 9406.00.90 | Pre fabricated building |
| | | **Equipments for Health Club** |
| 84.21 | 8421.21.91 | Water purifying system for swimming pools |
| 95.06 | 9506.40.00 | Table tennis equipment |
| | 9506.91.00 | Equipments for gymnastics |

**শর্তসমূহ**

১। এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতী সুবিধা কেবল Chain Hotel এর Franchise সম্পন্ন অথবা বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক "মানসম্পন্ন" বলিয়া নির্দিষ্টকৃত আবাসিক হোটেল নির্মাণে ব্যবহার্য, পণ্যসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হইবে ঃ

তবে শর্ত থাকে যে, উপরের টেবিলে উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড এবং পণ্যের বর্ণনার মধ্যে কোন পার্থক্য দেখা দিলে পণ্যের বর্ণনা প্রাধান্য পাইবে।

২। আবেদনকারী আবাসিক হোটেলকে মূসক নিবন্ধিত হইতে হইবে।

৩। এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতী সুবিধা প্রাপ্তির উদ্দেশ্যে সংশ্লিষ্ট হোটেল কর্তৃপক্ষকে নিম্নবর্ণিত দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করিতে হইবে, যথা ঃ—

(ক) আবাসিক হোটেলের মূসক নিবন্ধন সংক্রান্ত সনদসমূহের (মূসক-৭ ও মূসক-৮) অনুলিপি;

(খ) বিনিয়োগ বোর্ড কর্তৃক প্রদত্ত নিবন্ধন পত্রের অনুলিপি;

(গ) পরিশিষ্ট 'ক' তে বিধৃত ফরমে প্রত্যায়নপত্র:

তবে শর্ত থাকে যে, প্রস্তাবিত হোটেল আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন Chain Hotel এর Franchise হইলে উক্তরূপ প্রত্যায়নপত্রের প্রয়োজন হইবে না;

(ঘ) প্রস্তাবিত হোটেল আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন Chain Hotel এর Franchise হইলে তদ্‌সংক্রান্ত চুক্তির কপি;

(ঙ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হোটেল নির্মাণ সংক্রান্ত lay-out plan এর কপি; এবং

(চ) প্রস্তাবিত হোটেল স্থাপনের জন্য উপরি-উক্ত টেবিলে উল্লিখিত পণ্যসমূহের মধ্যে কি কি পণ্য কি পরিমাণে আমদানীয় ও ব্যবহৃত হইবে উহার সুস্পষ্ট বর্ণনা, সংখ্যা এবং সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড উল্লেখপূর্বক উহার একটি পূর্ণাঙ্গ পণ্য তালিকা।

**ব্যাখ্যা।**—উপরি-উক্ত দফা (গ) এর উদ্দেশ্য পূরণকল্পে, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় সংশ্লিষ্ট স্টেকহোল্ডার ও বিশেষজ্ঞের সমন্বয়ে একটি যাচাই কমিটি গঠন করিবে। উক্ত কমিটি আন্তর্জাতিক রীতিনীতি অনুসরণপূর্বক "মানসম্পন্ন" হোটেলের যথাযথ মান (standard) নির্ধারণ করিবে। কমিটি কর্তৃক নির্ধারিত মানের ভিত্তিতে উক্ত মন্ত্রণালয় পরিশিষ্ট-ক তে বিধৃত ফরমে প্রত্যায়নপত্র প্রস্তুত করিবে।

৪। প্রতিটি আবেদন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

৫। আবেদনকারী প্রতিষ্ঠান সংশ্লিষ্ট হোটেল বাণিজ্যিকভাবে চালুর পূর্বে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত পরিমাণের পণ্য একবারই আমদানি করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম হোসেন**
সচিব।

**পরিশিষ্ট-ক**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়**
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন নং-..................., তারিখ...........এর শর্ত ৩(গ) অনুযায়ী)

**প্রত্যায়ন পত্র**
[শর্ত ৩(গ) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যায়ন করা যাইতেছে যে, মেসার্স ..........................যা বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত নম্বর................মূল্য সংযোজন কর বিভাগ কর্তৃক নিবন্ধিত নম্বর.......... আয়কর নিবন্ধন নম্বর............, .................... ... শহরের..... .................... স্থানে আন্তর্জাতিক মানসম্পন্ন একটি আবাসিক হোটেল স্থাপন/প্রতিষ্ঠার লক্ষ্যে কার্যক্রম শুরু করিয়াছে মর্মে...................তারিখের আবেদনপত্রে জানিয়েছে। আন্তর্জাতিক মানদণ্ডে উক্ত আবাসিক হোটেলের যে সব মান (standard) থাকিবে/থাকার কথা সেই বিষয়ে উক্ত আবেদন উল্লেখ করা হইয়াছে/হয় নাই। আবেদনে উল্লিখিত কথিত মান (standard) এর যথার্থতা এ মন্ত্রণালয়ের সচিব/অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব এর নেতৃত্বে গঠিত কমিটি কর্তৃক যাচাই/পরীক্ষা করা হইয়াছে। পরীক্ষান্তে কমিটি এতদ্সংশ্লিষ্ট মান (standard) যাচাই/নির্ধারণপূর্বক তদনুযায়ী আবেদনকারী প্রতিষ্ঠানকে মানসম্পন্ন আবাসিক হোটেল হিসেবে প্রতিষ্ঠার জন্য সুপারিশ করিয়াছে। উক্ত সুপারিশের সহিত একমত পোষণপূর্বক আবেদনকারী প্রতিষ্ঠানটিকে “মানসম্পন্ন” আবাসিক হোটেল হিসেবে প্রত্যায়ন করা হইল।

প্রত্যায়নকারী কর্তৃপক্ষ

স্বাক্ষর ঃ

নাম ঃ

পদবী

সীল

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd